জীবননগরে ইউএনওর হস্তক্ষেপে বাল্যবিবাহ বন্ধ

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও জীবননগর থানার অফিসার ইনচার্জের কঠোর পদক্ষেপে বন্ধ হল বাল্য বিবাহ।
গত বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার সময় জীবননগর পৌর সভার ২নং ওর্য়াড নারায়নপুর সরকার পাড়ায় এ ঘটনা ঘটে।
স্থানীয় সুত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার সময় জীবননগর সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যরা গোপন সংবাদের ভিত্তিত্বে জানতে পারে জীবননগর পৌর সভার নারায়নপুর সরকার পাড়ার নাসির উদ্দিন ঝড়ু মিস্ত্রির ৭ম শ্রেণীর স্কুল পড়ুয়া নাবালিকা মেয়েকে বিয়ে দেওয়া হচ্ছে।
এমন সংবাদ পেয়ে বিষয়টি জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস.এম মুনিম লিংকনকে জানালে তিনি তাৎক্ষণিক জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামকে বলেন।
এ সময় জীবননগর থানার এ এস আই ইমামুল সর্ঙ্গীয় ফোর্স নিয়ে মেয়ের বাড়িতে হাজির হলে বর পক্ষ সেখান থেকে পালিয়ে যায়।
পরবর্তীতে স্থানীয় ওর্য়াড কাউন্সিলার জয়নাল আবেদীনকে সাক্ষী রেখে মেয়ের বিয়ের প্রাপ্ত বয়স না হওয়া পর্যন্ত যাতে তার পরিবার তাকে বিয়ে না দিতে পারে সে বিষয়ে সতর্ক করে আসেন। এবং যদি এ আদেশ অমান্য করে বিয়ে দেওয়া হয় তা হলে মেয়ের পরিবারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার নির্দেশ প্রদান করেন।
জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস.এম মুনিম লিংকন বলেন, সরকারি আদেশ অমান্য করে যদি কেউ বাল্য বিবাহ দিয়ে থাকে তা হলে কাজীসহ বর এবং কনের পরিবারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগর পৌর সভার নব-

নির্বাচিত পরিষদের দায়িত্বভার গ্রহন অনুষ্ঠানে-এমপি টগর

জীবননগর অফিসঃ জীবননগর পৌর সভার নব-নির্বাচিত পরিষদের দায়িত্বভার গ্রহন ,সংবর্ধনা প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।গতকাল বৃহসপ্রতিবার সকাল ১১টার সময় জীবননগর পৌর সভার আয়োজনে পৌর সভার চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।জীবননগর পৌর সভার নব-নির্বাচিত মেয়র রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন পৌরবাসী ভোট দিয়ে নির্বাচিত করেছেন তাদের সেবা করার জন্য।তাই পৌরবাসীকে সেবা করতে হবে ।তাদের সেবক হিসাবে পাশে থাকতে হবে ।জননেন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ একটি উন্নয়শীল দেশ হিসাবে গড়ে তোলার জন্য দিন রাত কাজ করে যাচ্ছে।সেই ধারাবাহিকতায় আজ জীবননগর পৌর সভার প্রতিটি রাস্তা,ড্রেন,কালভার্ট সহ বিভিন্ন ধরনের উন্নয়নমুলক কাজ হয়েছে। জীবননগর পৌর সভাকে একটি মডেল পৌর সভায় পরিনত করতে হবে ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস,এম মুনিম লিংকন,চুয়াডাঙ্গা-জেলা আওয়ামলীগের সহ-সভাপতি মোশারফ হোসেন,জীবননগর উপজেলা আওয়ামলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিপ অমল,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম,জীবননগর পৌর আওয়ামলীগের সভাপতি নাসির উদ্দিনসহ স্থানীয় নেতাকর্মি ও পৌর সভার ৯টি ওয়ার্ডের নির্বাচিত ওর্য়াড কাউন্সিলারগন উপস্থিত ছিলেন ।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ।

দামুড়হুদার কোমরগাড়ির মাঠ থেকে বাঘ আটক

দামুড়হুদা উপজেলার কোমরগাড়ির মাঠ থেকে একটি বাঘ আকৃতির অসুস্থ মেছোবাঘ আটক করেছেন স্থানীয়রা।

জানা গেছে, গতকাল মঙ্গলবার ১২ টা দিকে দামুড়হুদা ব্র্যাক অফিস সংলগ্ন কোমরগাড়ি মাঠের ধানক্ষেত থেকে মেছোবাঘটি উদ্ধার করা হয়েছে।

স্থানীয়রা জানান, গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের বেগোপাড়া গ্রামের মতিয়ার রহমানের ছেলে শাকিল হোসেন কৃষি কাজ করতে মাঠে জান। সেখানে সে বাঘ আকৃতির একটি প্রাণী দেখে বাঘ ভেবে ভয় পেয়ে কৃষি কাজ ফেলে মাঠ থেকে ব্র্যাক মোড়ে আসেন। সেখানে স্থানীয়দের মাঝে শাকিল বিষয়টি জানালে বেগোপাড়ার মাধব মালিথার ছেলে তাহাজ্জত হোসেন ও মৃত. আব্দার আলির ছেলে সামসুল আলম শাকিল হোসেনকে নিয়ে দ্রুত তাঁদের ধানক্ষেতে গেলে একটি অসুস্থ অবস্থায় মেছোবাঘ উদ্ধার করেন। উদ্ধারকৃত বাঘটি দেখতে উৎসুক জনতা ভিড় জমায়।
পরবর্তীতে দামুড়হুদা উপজেলা বন বিভাগকে খবর দিলে বন বিভাগের বাগান সহকারী হুমায়ুন আহমেদ মেছোবাঘটিকে উদ্ধার করে চিকিৎসার জন্য উপজেলা প্রাণী সম্পদ উন্নয়ন কেন্দ্রে নেন। বাঘটি বর্তমানে চিকিৎসাধীণ অবস্থায় রয়েছেন।
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান জানান, প্রাণী টা দেখতে বাঘ আকৃতির হলেও এটা আসলে বাঘ নয়। এ প্রাণীটাকে মেছোবাঘ বলা হয়। তিনি আরও বলেন, ধারণা করা হচ্ছে ওই স্থানে আরো একটি বাঘ থাকতে পারেন। সম্ভবত দুইটি মেছোবাঘ মারামারি করে দুর্বল হয়ে যাওয়ার ফলে অসুস্থ হয়ে পড়েছে। এ ধরনের প্রাণীর সুস্থ হওয়ার সম্ভাবনা খুবই কম।

দামুড়হুদার পীরপুরকুল্লা মাঠ থেকে ভূমিদস্যু

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের তালতলা মাঠ নামক স্থানে অবৈধভাবে মাটি কেটে বিক্রি করা বন্ধ করে দিলেন দামুড়হুদা সহকারী কমিশনার (ভূমি) কর্মকতা সুদীপ্ত কুমার সিংহ। এই সময় এলাকার চিহিৃত ভূমিদস্যু চাকুলিয়া গ্রামের বকুলের মাটি কাটা ভেকু মেশিন জব্দ করা হয়।

জানা যায়, গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার সময় পীরপুরকুল্লা গ্রামের মৃত আমিন উদ্দিন এর ছেলে শামসুল ঘটক (৫০) ও তার সহযোগী এলাকার চিহ্নিত ভূমিদস্যু চাকুলিয়া গ্রামের দলু টেংরার ছেলে বকুল
(৪০) পীরপুরকুল্লা গ্রামের বাঘ পাড়ার তালতলা নামক স্থানে অবৈধভাবে মাটি কেটে বিভিন্ন ইট ভাটাই বিক্রি করছে। প্রতি দিন ১০ থেকে ১২ টা গাড়িতে করে মাটি কেটে নিয়ে ইট ভাটায় দেওয়ার সময় গ্রামের রাস্তা ঘাট ভেঙ্গে খানাখন্দে পরিণত করছে এলাকার জনসাধারণের এমন অভিযোগ পেয়ে দামুড়হুদা সহকারী কমিশনার (ভূমি) কর্মকর্তা সুদীপ্ত কুমার সিংহ অতিদ্রুত উক্ত স্থানে অভিযান চালিয়ে একটি এক্সটেভেটার মেশিন জব্দ করেন।

ভূমিদস্যু বকুল ও শামসুল ঘটক কে উপজেলা ভূমি অফিসে যোগাযোগ করার পরামর্শ দিয়েছেন। এবং তারা দেখা না করলে আইনের আওতায় নিয়ে কঠোর শাস্তির আলটিমেটাম দেন। অভিযানের সময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক ইব্রাহিম শেখ, ৬নং ওয়ার্ড মেম্বর ইয়াছমিন আক্তারসহ অনেকে। সর্বশেষ সংবাদ পাওয়া পর্যন্ত এক্সটে ভেটার মেশিনটি জব্দ করে মেম্বার ইয়াছমিন আক্তার এর হেফাজতে আছে বলে জানা গেছে।

দামুড়হুদায় মাদক ব্যবসায়ী আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের সফল অভিযানে মাদক ব্যবসায়ী রহমানকে আটক করেছে পুলিশ ।

জানা গেছে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেকের নিদের্শে গতকাল সকাল ৯.৩০ ঘটিকার দিকে এস,আই শাহ আঃ আজিজ, সঙ্গীয় এএসআই কার্তিক কুমার, এএসআই হায়দার আলী গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানার মুন্সিপুর মাঝেরপাড়া গ্রামের মহির উদ্দিনের মুদি দোকানের সামনে থেকে মুন্সিপুরের গরীব আলী ওরফে দবির উদ্দিনের ছেলে মাদক ব্যবসায়ী আঃ রহমান(৩৮) শরীর তল্লাসি করলে ১০ (দশ) পিচ ইয়াবা ট্যাবলেট ও ১ পুরিয়া হেররোইনসহ তাকে আটক করেন।
থানা সূত্রে জানা গেছে, আটককৃত আসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণির ক্রমিক নং- ১০(ক)/৮(ক) রুজু করা হয়। আটককৃত আসামিকে গতকালই আদালতে সোপর্দ করা হইয়াছে।

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে মেয়র মতিয়ার রহমান ও কাউন্সিলরদের ফুলেল শুভেচ্ছা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা পৌরসভার ৪ বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমানসহ সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও সাধারণ কাউন্সিলরদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে এ শুভেচ্ছা জানানো হয়।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভা হলরুমে ফুলেল শুভেচ্ছা গ্রহণ কালে মেয়র মতিয়ার রহমান সাংবাদিকদের উদ্দোশ্যে বলেন, সাংবাদিকদের কলম অনেক শক্তিশালী। ন্যায়ের পক্ষে, অন্যায়ের বিরুদ্ধে সাংবাদিকদের কলম সোচ্চার থাকে বলেই সমাজ কলুষ মুক্ত হয়। কোন কোন সংবাদের কারণে সমাজের বিশৃংখলার সৃস্টি হতে পারে, সেদিকে সকলকে খেয়াল রাখতে হবে। তাই বস্তুনিষ্ট সংবাদ তুলে ধরে আলোকিত সমাজ গঠনে সাংবাদিকদের এগিয়ে আসতে হবে। মনে রাখতে হবে ছোট একটি শহর দর্শনা। এ শহরে আমরা একে অপরকে ভালোভাবে চিনি ও

জানি। ফলে সকলে কাধে কাধ মিলিয়ে দর্শনার উন্নয়নে কাজ করবো নিরলসভাবে।

উপস্থিত ছিলেন, দর্শনা পৌর সচিব মনিরুজ্জামান শিকদার, বর্তমান পরিষদের মহিলা কাউন্সিলর জাহানারা বিবি, সুরাতন নেছা ও বিলকিস খাতুন। সাধারণ কাউন্সিলরদের মধ্যে উপস্থিত ছিলেন, রবিউল হক সুমন, রেজাউল ইসলাম, সাবির হোসেন মিকা, হাসান খালেকুজ্জামান, সাইফুল ইসলাম মুকুল, বিল্লাল হোসেন, আশুর উদ্দিন প্রমুখ।

এ সময় দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে নবনির্বাচিত মেয়র, মহিলা কাউন্সিলর ও সাধারণ কাউন্সিলরদের ফুলেল শুভেচ্ছার মাধ্যমে অভিনন্দন জানানো হয়েছে। সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাংবাদিক সমিতির যুগ্ম-সম্পাদক মনিরুজ্জামান সুমন।

সাবেক সভাপতি হানিফ মন্ডলের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, হাসমত আলী, সাব্বির আলীম, সুকমল চন্দ্র দাস বাধন, আবির হাসান রিফাত, আ. হান্নান সুজন মাহমুদ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, ফরহাদ হোসেন প্রমুখ।

আলমডাঙ্গার কুমারী ইউনিয়ন কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

আলমডাঙ্গার কুমারী ইউনিয়ন কৃষক লীগের ত্রি-কার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ইউনিয়নের শ্যমপুর স্কুল মাঠে গত সোমবার বিকেলে অনুষ্ঠিত এ সম্মেলন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল ইসলাম পানু।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক নাজমুল ইসলাম পানু বলেন, কৃষক লীগকে তৃণমূল পর্যায়ে শক্তিশালী হিসেবে গড়ে তুলতেই আজকের এই

সম্মেলন।
আমি দেশের বিভিন্ন প্রান্তে ছুটে বেড়াচ্ছি এই কৃষক লীগকে সংগঠিত করার জন্য। কৃষক লীগ সভাপতি সমীর দাদা ও সম্পাদক উম্মে কুলসুম স্মৃতির নির্দেশে কাজ করে যাচ্ছি। বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমরা কাজ করে যাচ্ছি। তিনি বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় আছে বলেই দেশ আজ উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃতি পেয়েছে ।

এই দেশকে আরো সমৃদ্ধির পথে নিয়ে যেতে হলে আওয়ামী লীগ সরকারের কোন বিকল্প নেই। আওয়ামী লীগকেই আগামীতে আবারো ক্ষমতায় আনতে আমাদের কাজ করতে হবে।
কৃষক লীগ নেতা কাউসার আহম্মেদ কসরের সভাপতিত্বে সম্মেলনে প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় কৃষক লীগের বেসরকারী সংস্থা বিষয়ক সম্পাদক মিরুল ইসলাম। সম্মেলন উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা কৃষক লীগের সভাপতি এম আজিজুল হক।

বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী রোকনুজ্জামান কিরন, ঢাকা মহানগর দক্ষিণ কৃষক লীগের সদস্য আজিজুল হক, চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সহ-সভাপতি আশাদুল ইসলাম, জেলা কৃষক লীগের যুগ্ম-সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন দীপক, জেলা কৃষক লীগের কোষাধ্যক্ষ ওসমান গনি বিস্কুট, চুয়াডাঙ্গা সদর উপজেলা কৃষক লীগের সভাপতি আব্দুল মতিন দুদু, জেলা কৃষক লীগ নেত্রী সামসাদ রানু, আলমডাঙ্গা উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক বজলুল করিম, আলমডাঙ্গা পৌর কৃষক লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৌমেন্দ্র নাথ সাহা, উপজেলা দপ্তর সম্পাদক সাহাবুল হকের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন পৌর যুগ্ম-আহবায়ক আমিরুল ইসলাম, উপজেলা কৃষক লীগের সহ-দপ্তর সম্পাদক ফজলুল হক, অভিমান্যু কুন্ডু, আলমডাঙ্গা সরকারী কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা তপন, হারদী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি পলাশ বিশ্বাস, সাধারণ সম্পাদক এম বকুল, রিপন, কুমারী ইউনিয়ন কৃষক লীগ নেতা সিরাজুল ইসলাম, রাশিদুল ইসলাম, রিপন মালিতা প্রমুখ।

সম্মেলনে সভাপতি সম্পাদক পদে একাধিক প্রার্থী থাকায় নাম ঘোষণা করা হয়নি। এ ব্যাপারে উপজেলা কৃষক লীগের সভাপতি এম আজিজুল হক বলেন, একাধিক প্রার্থী থাকায় সিদ্ধান্ত নেওয়া যায়নি। পরবর্তীতে বসে আলোচনা সাপেক্ষে কমিটি ঘোষণা করা হবে।

আলমডাঙ্গায় পূর্ব বাংলা কমিউনিস্ট পার্টির সদস্য মুকুল হোসেনের আত্মসমর্পন

আলমডাঙ্গা বাঁশবাড়িয়া গ্রামের মুকুল হোসেন আলমডাঙ্গা থানায় আত্মসমর্পন করেছে।
গতকাল মঙ্গলবার বেলা ১১ টার দিকে থানায় হাজির হয়ে পুলিশোর হাতে ফুল দিয়ে স্বাভাবিক জীবন যাপন করার জন্য আত্মসমর্পন করে। জানাগেছে, আলমডাঙ্গা ভাংবাড়িয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া গ্রামের নিয়ামত আলীর ছেলে মুকুল হোসেন (৩৭) স্বাভাবিক জীবন যাপন করার জন্য থানা অফিসার ইনচার্জ আলমগীর কবিরের হাতে ফুল দিয়ে আত্মসমর্পন করে।
সে পূর্ববাংলা কমিউনিস্ট পার্টির নেতা আবির হাসানের দূর সম্পর্কের আত্মীয় হওয়ার সুবাদে মুকুলের বাড়ীতে আসা যাওয়া করত। সে করাণে মুকুল সন্ত্রাসী হিসেবে আখ্যায়িত হয়ে পড়ে। সে সময় মুকুল হোসেন বাড়ি থেকে পালিয়ে যায়।
দীর্ঘ বছর ঢাকায় থাকার পর স্বাভাবিক জীবনযাপনের জন্য পুলিশের দ্বারস্থ হয়। চুয়াডাঙ্গার পুলিশ সুপার জাহিদুল ইসলামের পরামর্শে আলমডাঙ্গা থানায় আত্মসমর্পন করে।
গতকাল মঙ্গলবার আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবিরের কাছে আত্মসমর্পন করেন।
এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সহ- সভাপতি আসাদুল ইসলাম।

করোনা টিকা নিলেন চুয়াডাঙ্গা

১-আসনের সংসদ সদস্য

করোনার টিকা নিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি। মঙ্গলবার সকাল সাড়ে ১১ টায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে কোভিড-১৯ টিকা দান কেন্দ্রে টিকা গ্রহণ করেন তিনি।

তিনি সকলকে টিকা নেয়ার আহ্বান জানান। টিকা গ্রহণের পর তিনি সুস্থ আছেন এবং স্বাভাবিক ভাবেই বাড়ি ফিরে যান।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সিনিয়র সার্জারি কনসালটেন্ট ডা. ওয়ালিউর রহমান নয়ন আবাসিক মেডিকেল অফিসার ডা. সাজিদ হাসান স্টোর কিপার হাদিউজ্জামান হাদি

চুয়াডাঙ্গায় বিনা খরচে টিকার রেজিস্ট্রেশন

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার উদ্যোগে বিনা খরচে করোনা ভাইরাসের টিকা রেজিস্ট্রেশন করা হচ্ছে। ৪০ বছরের বেশি বয়সী যে কেউ রেজিস্ট্রেশন কেন্দ্রে এসে বিনা খরচে কোভিড-১৯ থেকে সুরক্ষার জন্য টিকার রেজিস্ট্রেশন করতে পারবেন। মঙ্গলবার সকালে চুয়াডাঙ্গা রেলবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে টিকা রেজিস্ট্রেশন কেন্দ্র উদ্বোধন করা হয়।

আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি নাসির আহাদ জোয়ার্দ্দার। প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা শহর সমাজসেবা অফিসার মিজানুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বিদ্যালয়ের সভাপতি ডা. মিজানুর রহমান, প্রধান শিক্ষক লতিফুন্নেছা, সদর উপজেলা লোকমোর্চার সভাপতি অ্যাডভোকেট মানিক আকবর, যুগ্ম সম্পাদক আশরাফ বিশ^◌াস মিল্টু ও সাংগঠনিক সম্পাদক ওয়াহিদুল কাদির জোয়ার্দ্দার।

অনুষ্ঠানের প্রধান অতিথি শহর সমাজসেবা অফিসার মিজানুর রহমান রেজিস্ট্রেশন কাজের উদ্বোধন ঘোষণা করেন। তিনি বলেন, কোভিড-১৯ থেকে সুরক্ষার জন্য টিকা নিতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার উদ্যোগে টিকা রেজিস্ট্রেশন কেন্দ্র আগ্রহীদের সহযোগিতায় কাজ করবে। উদ্যোগটি প্রশংসনীয়। আলোচনায় অংশ নেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারি কামরুজ্জামান যুদ্ধ। উপস্থিত ছিলেন সদর উপজেলা লোকমোর্চার পরিবেশ সম্পাদক জামান আখতার, লোকমোর্চার জেলা সচিব কানিজ সুলতানা, সদস্য শেখ লিটন, মাশরাফি প্রমুখ।